অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/20/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

বুধবার সন্ধ্যায় শীতকালীন আবহাওয়ার ফলে যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হতে পারে বিধায় গভর্নর কুওমো গাড়ি চালকদের সতর্কতা অবলম্বনের আহ্বান জানিয়েছেন।

আজ থেকে বৃহস্পতিবার সকাল পর্যন্ত স্টেট জুড়ে তুষারপাত, বরফ ও ঠাণ্ডা বৃষ্টি পড়তে পারে

বৃহস্পতিবার সকাল পর্যন্ত নর্থ কাউন্টির উত্তরাঞ্চল ছাড়া নিউ ইয়র্কের পুরোটা জুড়ে শীতকালীন আবহাওয়ার সতর্কবার্তা বলবৎ থাকবে

তুষারপাত, বরফ ও ঠাণ্ডা বৃষ্টির প্রভাবে স্টেটের একাধিক অঞ্চলে গাড়ি চলাচল কঠিন হয়ে উঠতে পারে বিধায় বুধবার সন্ধ্যায় রাস্তায় চলাচলের সময় গভর্নর এন্ড্রু এম. কুওমো আজকে নিউ ইয়র্ক জুড়ে গাড়িচালকদের সতর্কতা বজায় রেখে গাড়ি চালানোর আহ্বান জানিয়েছেন। বুধবার বিকেল থেকে শুরু হয়ে তুষারপাত স্টেটের দিকে ধেয়ে আসবে এবং স্টেটের বেশিরভাগ জায়গায় এক থেকে চার ইঞ্চি পুরুর তুষার জমা হবে যা দিন গড়ার সাথে সাথে ঠাণ্ডা বৃষ্টিপাতে রূপ নিবে। মহাসড়ক সচল রাখার কর্মীরা ইতোমধ্যে সড়ক সাফ করা শুরু করে দিয়েছে এবং সড়ক যথাসম্ভব পরিষ্কার রাখার জন্য পুরো সময় জুড়ে কাজ করতে তারা সম্পূর্ণ প্রস্তুত।

"সন্ধ্যায় চলাচলের সময় স্টেটের বেশিরভাগ জুড়ে শীতকালীন আবহ বজায় থাকতে পারে বিধায়, আমি সকল গাড়ি চালককে ধীরগতিতে গাড়ি চালানোর এবং শীতকালীন আবওয়ার সময় সম্ভব হলে সড়কগুলো এড়িয়ে চলতে উৎসাহিত করছি", **গভর্নর কুওমো বলেছেন।** "স্টেটজুড়ে সড়কগুলো সাফ রাখার প্রস্তুতি ইতোমধ্যে চলমান এবং স্টেট প্রয়োজন মোতাবেক যা লাগে তার সংস্থান করবে।"

বৃহস্পতিবার সকাল পর্যন্ত নর্থ কাউন্টির উত্তরাঞ্চল ছাড়া নিউ ইয়র্কের পুরোটা জুড়ে শীতকালীন আবহাওয়া সতর্কবার্তা বলবৎ থাকবে। আজ দুপুরের পূর্বেই তুষার পড়া আরম্ভ হতে পারে যা আগামী কাল সকাল পর্যন্ত বেশিরভাগ এলাকায় অব্যাহত থাকতে পারে, তারপর থেকে পুরোপুরি শীত নামা শুরু হতে পারে। রাতে, স্টেট জুড়ে তাপমাত্রা ধীরে-ধীরে বাড়তে শুরু করবে যা বৃষ্টিতে রূপ নিতে পারে এবং বৃহস্পতিবার দুপুরের পূর্বে তা থেমে যেতে পারে। নিউ ইয়র্ক সিটি ও লং আইল্যান্ড-এ 2 থেকে 4 ইঞ্চি পর্যন্ত তুষার জমতে পারে; আপস্টেটে তুষার জমার হার 2 ইঞ্চির নিচে থাকবে। বৃহস্পতিবার সকালের দিকে স্টেটের বেশিরভাগ জুড়ে বৃষ্টির পূর্বাভাস রয়েছে, এবং নর্থ কাউন্টির দিকে কিছুটা তুষার পড়তে পারে; দিনের মধ্যভাগ নাগাদ স্টেট জুড়ে বৃষ্টি বন্ধ হয়ে যেতে পারে।

এজেন্সির প্রস্তুতি

স্টেটের পরিবহন বিভাগ (Department of Transportation) 1,587 টি বড় প্লাও ট্রাক, 20টি গ্রেডার, 328টি বড় লোডার, 183টি মাঝারি আকৃতির প্লাও ট্রাক, প্লাওসহ 19টি পিকআপ ট্রাক, 39টি স্নোব্লোয়ার ও 32টি ট্র্যাক্টর ট্রেইলার পরিস্থিতি মোকাবেলার জন্য প্রস্তুত। ডিপার্টমেন্টের হাতে এছাড়া প্রায় 374,000 টন

লবন মজুত রয়েছে। শীতকালীন ঝড়ের অগ্রগতিতে সমগ্র স্টেট জুড়ে রাস্তা সুরক্ষিত রাখতে সাহায্য করতে এই সরঞ্জাম এর পাশাপাশি 3,900 এর বেশি কর্মকর্তা ও সুপারভাইজার নিয়োগ করা হয়েছে।

https://protect2.fireeye.com/url?k=23676c5c-7f436d15-23659569-0cc47aa8d394-d23034081d68851b&u=http://www.511ny.org/ ভ্রমণের পূর্বে গাড়ি চালকদেরকে 511NY যাচাই করতে অথবা মোবাইল অ্যাপটি ডাউনলোড করতে বলা হচ্ছে। এই বিনামূল্যের পরিষেবাটি ব্যবহারকারীদের রাস্তার অবস্থা দেখার সুযোগ দেয় এবং এতে রয়েছে একটি শীতের যাত্রার সতর্কীকরণ পদ্ধতি যা বাস্তব-সময়ে যাত্রার রিপোর্ট ও কোন কোন স্টেট রাস্তা পরিষ্কার, ভেজা বা বরফে ঢাকা তা প্রদর্শন করে। পদ্ধতিটি মোটরচালকদের যাত্রা করা আদৌ সমীচীন কি না তা নির্ধারণ করতে একটা উপকারী সংস্থান প্রদান করে।

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)-র 667 জন সুপারভাইজার ও অপারেটর আছে যারা সমগ্র স্টেট জুড়ে 247টি বড় স্নো প্লাও, 123টি মাঝারি স্নো প্লাও, 11টি টাও প্লাও এবং 56 টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 108,000 টনেরও বেশি সড়ক-লবণ প্রয়োগ করতে প্রস্তুত। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

থ্রুওয়ে অথোরিটি মোটরচালকদের তাদের মোবাইল অ্যাপ ডাউনলোড করতে উৎসাহিত করে যা iPhone ও Android ডিভাইসে ডাউনলোড করতে বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরচালকদের বাস্তব-সময়ে ট্রাফিক এবং দিক নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটরচালকরা TRANSalert ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন এই লিঙ্ক www.thruway.ny.gov/tas/index/shtml অনুসরণ করে যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতি প্রদান করে। সঠিক সময়ের আপডেটের জন্য, মোটরচালকরা থ্রুওয়ে ও নিউ ইয়র্কের অন্যান্য রাস্তার ট্রাফিক পরিস্থিতি প্রদর্শনকারী ইন্টারেক্টিভ ম্যাপ দেখতে টুইটারে @ThruwayTraffic অনুসরণ করতে পারেন অথবা www.thruway.ny.gov ভিজিট করতে পারেন।

স্নোপ্লাও ঘন্টায় প্রায় 35 মাইল গতিতে চলে -- যা অনেক ক্ষেত্রেই লিখে রাখা গতিসীমা থেকে কম -- এটি নিশ্চিত করার জন্য যে ছড়ানো লবণ যাতে গাড়ি চালানোর লেনে থাকে এবং রাস্তার বাইরে ছড়িয়ে না পরে। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও যেখানে লবণ প্রয়োগ করা হয়েছে।

নিরাপদ যাত্রা

নিরাপদ ড্রাইভিং এর কিছু সবচেয়ে গুরুত্বপূর্ণ পরামর্শগুলির অন্তর্ভুক্ত হল:

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানো গুরুত্বপূর্ণ।
- আপনাকে আবশ্যিকভাবে ভ্রমণ করতে হলে, এটা নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার

তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়ের মতো টিকে থাকার সরঞ্জামাদি থাকে।

- প্লাবিত রাস্তার উপর দিয়ে গাড়ি চালাবেন না; ঘুরে গিয়ে অন্যদিক দিয়ে যান। প্রতি ঘণ্টায় দুই মাইল বেগে বয়ে চলে জল একটা রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।
- যেসব জায়গায় নদী বা জলপ্রবাহ হঠাৎ বৃদ্ধি পেয়ে বন্যা আনতে পারে, যেমন হাইওয়ের গর্ত, সেতু ও নিচু এলাকা, সেখানে লক্ষ্য রাখুন।
- যদি আপনি আপনার গাড়ির ভিতরে থাকেন আর আপনার চারপাশে জল দ্রুতবেগে বাড়তে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে চলে যান।

উপরন্ত, শীতকালীন ঝড়ের সময়ে সবচেয়ে বেশি মৃত্যু ও আঘাতের কারণ হল পরিবহন দুর্ঘটনা। ড্রাইভিং শুরুর আগে, আপনার গাড়ি যাতে বরফ ও তুষারমুক্ত থাকে তা নিশ্চিত করুন; ভালো দৃষ্টিশক্তি ভালো ড্রাইভিং এর চাবিকাঠি। থামার জায়গাগুলোর পরিকল্পনা করুন এবং গাড়িগুলির মধ্যে দূরত্ব বজায় রাখুন, অতিরিক্ত সতর্ক থাকুন, ও মনে রাখুন, বাতাস তাড়িত তুষারপুঞ্জ ছোট ছোট শিশুদের আড়াল করে দিতে পারে। অধিকন্তু, সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে আপনার গতি মেলান।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা জানা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘণ্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটি নিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, স্নোপ্লাও পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কর্মক্ষম ও নিরাপদ উপায়।

এছাড়াও মোটরচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে স্নোপ্লাও ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং স্নোপ্লাও এর আকার ও ওজন কৌশলে ও দ্রুত থামানো কষ্টকর করে তোলে। স্নোপ্লাও এর পেছন থেকে বরফ ওড়ানো অত্যধিক ভাবে দৃষ্টিশক্তি হ্রাস করতে বা হোয়াইটআউট অবস্থার কারণ ঘটাতে পারে। মোটরচালকদের স্নোপ্লাও কে পার করে যাওয়ার চেষ্টা বা পেছনে খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। মোটরচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল স্নোপ্লাও এর বেশ পেছনে যেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন